

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা খবর হোসেন মানিক মিয়া

## জবি ছাত্রলীগের দু'গ্রন্থপে তুচ্ছ ঘটনা নিয়ে মারামারি, আহত ৩

 ০৯ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের দু'গ্রন্থপের মধ্যে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মারামারি ঘটেছে। এতে ৩ জন আহত হন। এর মধ্যে একজনের অবস্থা গুরুতর। মঙ্গলবার দুপুর ২টার দিকে ক্যাম্পাসের প্রধান ফটকের সামনে ভিট্টোরিয়া সংগল্প এলাকায় এই ঘটনা ঘটে। আহত তিনজন ঢাকা মেডিক্যাল হাসপাতালে চিকিৎসাধীন।

প্রত্যক্ষদর্শীরা জানান, সভাপতি গ্রন্থপের দুই কর্মী পরিসংখ্যান বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী তুসার, তাহমিদ সুজা ও একই বিভাগের আরো দুই শিক্ষার্থী ক্যাম্পাস থেকে বের হয়ে ভিট্টোরিয়া পার্কের পাশ দিয়ে বাসায় যাচ্ছিলেন। এ সময় ছাত্রলীগের সাধারণ সম্পাদক গ্রন্থপের কর্মী ১২তম ব্যাচের (ফার্মেসী বিভাগ) ছাত্র অভিযন্তার সঙ্গে ধাক্কা লাগে। এ সময় তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে অভিযন্তা উত্তেজিত হয়ে তাহমিদ সুজাকে চড়-থাপ্পড় মারতে থাকে। পরে সুজাও অভিযন্তাকে চাইলে অভিযন্তা ১২তম ব্যাচের বন্ধুদের ডেকে এনে সুজা, তুসার ও তার সঙ্গে থাকা কয়েকজনের উপর হামলা চালায়। এ সময় সুজা, তুসার ও তার বন্ধু সাইফুল গুরুতর আহত হন। আহত অবস্থায় প্রথমে তাদের ঢাকা মিডফোর্ড হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে কর্তব্যরত চিকিৎসক সুজা ও সাইফুলকে অপারেশনের জন্য ঢাকা মেডিক্যাল হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য পরামর্শ দেন।

জবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল বলেন, এরা ছাত্রলীগের কেউ না। এটা বিভাগের বিষয়। জবি প্রষ্টর ড.নূর মোহাম্মদ বলেন, একটা মারামারির ঘটনা শুনেছি। এখন পর্যন্ত কেউ অভিযোগ দেয়নি।

তারপ্রাণে সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমো রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত